# হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ হজ্জ তিন প্রকার

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

কেরান হজ্জ

উমরার সাথে যুক্ত করে একই এহরামে উমরা ও হজ্জ আদায় করাকে কেরান হজ্জ বলে। কেরান হজ্জ দু’ভাবে আদায় করা যায়।

ক) মীকাত থেকে এহরাম বাধার সময় হজ্জ ও উমরা উভয়টার নিয়ত করে এহরাম বাঁধা। মক্কায় পৌঁছে প্রথমে উমরা আদায় করা ও এহরাম অবস্থায় মক্কায় অবস্থান করা। হজ্জের সময় হলে একই এহরামে মিনা-আরাফায় গমন ও হজ্জের যাবতীয় কাজ সম্পাদন করা।

খ) মীকাত থেকে শুধু উমরার নিয়তে এহরাম বাঁধা। পবিত্র মক্কায় পৌঁছার পর উমরার তাওয়াফ শুরু করার পূর্বে হজ্জের নিয়ত উমরার সাথে যুক্ত করে নেয়া। উমরার তাওয়াফ-সাঈ শেষ করে, এহরাম অবস্থায় হজ্জের অপেক্ষায় থাকা ও ৮ জিলহজ্জ একই এহরামে মিনায় গমন ও পরবর্তী কার্যক্রম সম্পাদন করা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3458

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন